দৈনিক ইত্তেফাক

তারিখ 29 NOV 1995
পৃষ্ঠা ১ কলাম ১

৪৩

# কাফনের কাপড় পরিয়া বেসরকারী প্রাথমিক শিক্ষকদের মিছিল

ইত্তেফাক রিপোর্ট ॥ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় এবং বিদ্যালয়ে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের জাতীয়করণের এক দফা দাবীতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল (মঙ্গলবার) অপরাহ্ন হইতে জাতীয় প্রেসক্লাবের সম্মুখে দাবী আদায় না হওয়া পর্যন্ত আমরণ অনশন কর্মসূচী শুরু করিয়াছে। ইহার পূর্বে পূর্বাহ্নে প্রেস ক্লাবের সম্মুখে এক জমায়েত শেষে

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বেসরকারী

(১ম পৃঃ পর)

শিক্ষক শিক্ষিকাগণ কাফনের কাপড় পরিধান করিয়া প্রধানমন্ত্রীর কার্যালয়ে দাবী-সম্বলিত একটি স্মারকলিপি পেশ করে। স্মারকলিপিতে বলা হয়, সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও সার্বজনীন করিয়াছেন ঠিকই কিন্তু শিক্ষকতা পেশায় যাহারা নিয়োজিত রহিয়াছেন তাহাদের একটি অংশ অনাহারে-অর্ধাহারে দিনযাপন করিতেছেন। যে দেশে দৈনিক একজন দিনমজুরের পারিশ্রমিক ৬০/৭০ টাকা, সেই ক্ষেত্রে একজন বেসরকারী প্রাথমিক শিক্ষকের মজুরী ২৪, ২১ ও ১৭ টাকা মাত্র। সরকারের বৈষম্যমূলক নীতির কারণে দেশের প্রায় ২৩ হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৯২ হাজার শিক্ষক-শিক্ষিকা মানবেতর জীবনযাপন করিতেছেন। স্মারকলিপিতে আরও বলা হয়, গত ৪ঠা জুলাই সরকার ও শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে অনুষ্ঠিত এক বৈঠকে বেসরকারী শিক্ষকদের ১০ দফা দাবী মানিয়া নেওয়ার আশ্বাস প্রদান করা হয়। কিন্তু আজও উহা বাস্তবায়ন করা হয় নাই। গত জুলাই মাস হইতে আজ পর্যন্ত বেসরকারী শিক্ষকরা কোনপ্রকার বেতন ভাতাদি পান নাই।

প্রেসক্লাবের সম্মুখের জমায়েতে বক্তৃতা করেন শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি মোঃ শামসুল আলম, মহাসচিব আক্কাস আলী শেখ প্রমুখ।